

বিমান পরিচালনা পর্ষদ পুনর্গঠন

- A Monitor Desk Report

Date: 28 August, 2024



Biman
BANGLADESH AIRLINES

ঢাকাঃ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের নতুন পরিচালনা পর্ষদ গঠিত হয়েছে। প্রজ্ঞাপনে পর্ষদের পরিচালক হিসাবে ৪ জনের নাম উল্লেখ করা হয়েছে। বাকি ৮টি পদের নাম উল্লেখ করা হয়েছে। সেসব পদে যখনই সেই ব্যক্তি দায়িত্বে থাকবেন তারা বিমানের পরিচালক হিসাবে কাজ করবেন।

মঙ্গলবার (২৭ আগস্ট) বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় এক প্রজ্ঞাপনের মাধ্যমে ১৩ সদস্যের ওই পর্ষদ গঠন করে। পর্ষদের চেয়ারম্যান হিসাবে আগেই নিয়োগ পেয়েছিলেন বিমানের সাবেক এমডি আব্দুল মুয়ীদ চৌধুরী। পর্ষদে যে ৪ জনের নাম উল্লেখ করে পরিচালকের দায়িত্ব দেওয়া হয়েছে, তারা হচ্ছেন বাংলাদেশ ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্সের সভাপতি মাহবুবুর রহমান, বিমানের সাবেক পরিচালক লে. কর্নেল (অবসরপ্রাপ্ত) ইঞ্জিনিয়ার শাহরিয়ার আহমেদ চৌধুরী, আইএসিএবির কাউন্সিলর ও ইমার্জিং ক্রেডিট রেটিং লিমিটেডের এমডি ও সিইও নূর-ই-খোদা আব্দুল মবিন, র‌্যাংগস ওয়াটারফ্রন্ডের আলী আশফাক।

পর্ষদের বাকি ৮টি পদে যারা থাকবেন তারা হচ্ছেন-বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সচিব, এনবিআর চেয়ারম্যান, প্রধান উপদেষ্টার কার্যালয়ের সচিব, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান, বাংলাদেশ সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার ইন চিফ, অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশের চেয়ারম্যান এবং বিমানের এমডি ও সিইও (যখন যিনি দায়িত্বে থাকবেন)।

পর্ষদ থেকে বাদ পড়লেন যারা : বিমানের আগের পর্ষদগুলোতে পররাষ্ট্র মন্ত্রণালয়, বিমানবাহিনী, বিজিএমইএ ও সুপ্রিমকোর্টের আইনজীবীদের পদ থাকলেও এসব সংস্থা বা ক্ষেত্র থেকে কাউকে রাখা হয়নি।

